আজকের কাগজ

তারিখ ... 31 JAN 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 2 ...

163

# সোনারগাঁ, আড়াইহাজার ও বন্দর থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যাহত

সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের কথা ঘোষণা করলেও নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ, আড়াইহাজার ও বন্দর থানায় বিভিন্ন কারণে এ কর্মসূচি ব্যাহত হচ্ছে। জানা গেছে, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া '৯১-এর ৩১ ডিসেম্বর জাতির উদ্দেশে প্রদত্ত ভাষণে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের ঘোষণা দেন। '৯২-এর ১ জানুয়ারি থেকে ৬৪টি থানায় এ কর্মসূচি বাস্তবায়নের পরিকল্পনাও হাতে নেয়ার কথা জানান। এদিকে ১ জানুয়ারি '৯৩ থেকে এ কর্মসূচি বাস্তবায়নের জন্যে জোর দেয়া হলেও নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ, আড়াইহাজার এবং বন্দর থানায়, কর্মসূচি কার্যকর হচ্ছে না। সরকারি হিসেব অনুযায়ী শুধু সোনারগাঁ থানায় ৬ থেকে ১০ বছর পর্যন্ত বালক-বালিকার সংখ্যা ৪৩ হাজার ৭শ' ৩২ জন। সরকারি হিসাবে ৩৪ হাজার ৭শ' ৬৬ জন বিদ্যালয়ে যাচ্ছে এবং ৮ হাজার ৯শ' ৬৬ জন বিদ্যালয়ে যাওয়া থেকে বিরত রয়েছে। কিন্তু বাস্তবে এর অর্ধেক বালক-বালিকাও স্কুলে যায় না। এরা সবাই বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার আলো থেকে পুরোপুরিভাবে বঞ্চিত। এ অধিকসংখ্যক বালক-বালিকা প্রাথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত থাকার কারণ হিসেবে দেখা গেছে, অনেক স্থানে প্রয়োজন থাকা সত্ত্বেও প্রাথমিক বিদ্যালয় নেই। কোনো স্থানে প্রাথমিক বিদ্যালয় থাকলেও জরাজীর্ণ এবং প্রয়োজনীয় শিক্ষা উপকরণের অভাব রয়েছে। এ ছাড়া শিক্ষকদের পেশাগত দায়িত্ব পালনে অনীহা ও মাঠ পর্যায়ে তদারকির কাজে নিযুক্ত কর্মকর্তাগণের দায়িত্ব সম্পর্কে সচেতনতার অভাব রয়েছে। সোনারগাঁ থেকে হালিম চৌধুরী।